

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date:18-10-2024**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**State level Hajagiri:**

৩২তম রাজ্যভিত্তিক হজাগিরি উৎসব আজ এবং আগামীকাল পেঁচারথল ব্লকের রামগুণা চৌধুরী পাড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে অনুষ্ঠিত হবে। ব্রু সোসিও কালচারাল অর্গানাইজেশনের উদ্যোগে ও রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের সহযোগিতায় আজ সন্ধ্যা ৫টায় উৎসবের উদ্বোধন করবেন যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায়। উপস্থিত থাকবেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা, তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস, সমবায় মন্ত্রী শুল্লাচরণ নোয়াতিয়া প্রমুখ। রাজ্যভিত্তিক হজাগিরি উৎসবে সাংস্কৃতিক অনুষ্ঠানে হজাগিরি নৃত্য ছাড়াও রাজ্যের মিশ্র সংস্কৃতির পরম্পরা তুলে ধরতে ধামাইল নৃত্য, শিবের গাজন, বিজু নৃত্য, বিহু নৃত্য, মামিতা নৃত্য, চেরাও নৃত্য পরিবেশিত হবে বলে জানিয়েছেন ব্রু সোসিও কালচারাল অর্গানাইজেশনের সাধারণ সম্পাদক লালবাহাদুর রিয়াং।

\*\*\*\*\*

**Dewali prepration:**

রাজ্যের ঐতিহ্যবাহী দেওয়ালি উৎসব আগামী ৩১ অক্টোবর উদয়পুর মাতাবাড়ি মন্দির প্রাঙ্গণে শুরু হবে। চলবে ২ নভেম্বর পর্যন্ত। তিন দিন ব্যাপি এই উৎসবকে সার্বিক রূপ দিতে ইতিমধ্যে শুরু হয়ে গেছে প্রশাসনিক তৎপরতা। মন্দিরে নতুন করে রং লাগানোর কাজ শুরু হয়েছে। মাতাবাড়ি মন্দির ট্রাস্টের সদস্য তথা বিধায়ক অভিষেক দেবরায় জানান, এবছরও মন্দির চত্বরকে আধুনিক ভাবে নানা আলোক মালায় সাজিয়ে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গের চন্দন নগরের অমিয় কুমার দাস

ও দিলীপ মন্ডল যৌথ ভাবে আলোক সজ্জার দায়িত্ব নিয়ে কাজ শুরু করেছেন।

\*\*\*\*\*

#### **Central Minister :**

কেন্দ্রীয় পররাষ্ট্র ও বস্ত্র মন্ত্রকের প্রতিমন্ত্রী পবিত্র মাঘেরিটা বলেছেন যে হস্ততাঁত ক্ষেত্রে উত্তর-পূর্ব অঞ্চলের অনেক বড় অবদান রয়েছে। এই অঞ্চলই দেশকে দিচ্ছে সর্বাধিক সংখ্যক বয়নশিল্পী। তিনি গতকাল মোহনপুরের ফটিকছড়ায় 'সমর্থ' স্কিলিং সেন্টার পরিদর্শনকালে একথা বলেন। কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে 'সমর্থ' প্রোগ্রামের লক্ষ্য হল গ্রামীণ এলাকায় বসবাসকারী বয়নশিল্পীদের উৎসাহিত এ-বং ক্ষমতায়িত করা।

কেন্দ্রীয় মন্ত্রী এদিন তুলাশিখর ব্লক প্রাঙ্গণে স্ব-সহায়ক দলের মহিলাদের সঙ্গে মতবিনিময় সভায় অংশ নেন। তিনি স্ব-সহায়ক দলের তৈরি বিভিন্ন সামগ্রীর স্টল ঘুরে দেখেন। পরে তিনি খোয়াই জেলা প্রশাসনের কনফারেন্স হলে জেলা ভিত্তিক একটি পর্যালোচনা বৈঠকে পৌরোহিত্য করেন। এই পর্যালোচনা বৈঠকে শিক্ষা, স্বাস্থ্য, পানীয় জল বিশেষত জল জীবন মিশনএর অধিক কাজকর্ম, বিদ্যুৎ, কৃষি, পূর্ত, সেচ, সমাজ কল্যাণ সহ প্রত্যেকটি সরকারি দপ্তরের অধীনে বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে আলোচনা হয়।

\*\*\*\*\*

#### **Earthquake :**

বৃহস্পতিবার মধ্যরাতে মেঘালয়ের পশ্চিম জয়ান্তিয়া পাহাড়ে মৃদু ভূমিকম্প অনুভূত হয়। রিখটার স্কেলে এর পরিমান ছিল ৩.৬। তবে ভূমিকম্পের কারণে কোনো প্রাণহানি বা সম্পত্তির ক্ষয়ক্ষতির কোনো খবর পাওয়া যায়নি। ন্যাশনাল সেন্টার ফর সিসমোলজি জানিয়েছে, ভূপৃষ্ঠ থেকে ৫ কিলোমিটার গভীরে ভূমিকম্পটি

আঘাত হানে।এই ভূকম্পন প্রতিবেশী বাংলাদেশে, পশ্চিম ও দক্ষিণ ত্রিপুরায়ও অনুভূত হয়েছে বৃহস্পতিবার মধ্যরাতের পরে।

\*\*\*\*\*

#### **Train :**

আগরতলা থেকে মুম্বাইগামী লোকমান্য তিলক (এল এম টি) গতকাল বিকালে হাফলং এর কাছে লাইনচ্যুত হয়ে দুর্ঘটনায় পড়ে। উত্তর-পূর্ব ফ্রন্টিয়ার রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা আকাশবাণীকে জানিয়েছেন লামডিং ডিভিশনের দিবাং স্টেশন এলাকায় এই দুর্ঘটনাটি ঘটে। ইঞ্জিন সহ রেলের ৮টি কামরা লাইনচ্যুত হয়। তবে এই ঘটনায় কোন হতাহত হয়নি। ঘটনার খবর পেয়ে সঙ্গে সঙ্গে লামডিং থেকে মেডিক্যাল টিম সহ প্রয়োজনীয় সমস্ত ব্যবস্থা করা হয়েছে। দুর্ঘটনাগ্রস্ত ট্রেনের সমস্ত যাত্রীদের অন্য ট্রেনে পাঠানোর ব্যবস্থা করা হচ্ছে। পাশাপাশি তিনি জানান দুর্ঘটনাগ্রস্ত ট্রেনটিকে রেল ট্রেকে তোলার চেষ্টা করা হচ্ছে। পরিস্থিতি স্বাভাবিক না হওয়া অব্দি বেশ কয়েকটি ট্রেন বাতিল করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

\*\*\*\*\*

#### **C.M on NDA Meeting:**

হরিয়ানার চন্ডিগড়ে গতকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে এন ডি এ মুখ্যমন্ত্রীদের সম্মেলন অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, বিজেপি-র সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা, অন্ধ্র প্রদেশের মুখ্যমন্ত্রী এম চন্দ্রবাবু নাইডু, উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগি আদিত্য নাথ, আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা সহ আরও অনেকে। বৈঠকে ত্রিপুরার মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহাও অংশ নিয়েছেন।

\*\*\*\*\*

#### **Assam Rifles-Skill :**

আসাম রাইফেলস সম্প্রতি আগরতলার রাধানগরে মহিলাদের জন্য এক দক্ষতা বিকাশ কর্মশালার আয়োজন করে। বিভিন্ন জনগোষ্ঠীর মহিলাদের মধ্যে যারা তাদের নিজ নিজ শৈল্পিক প্রতিভা উদ্ভাবন করতে আগ্রহী এবং নতুন নতুন কারুশিল্প শিখতে উৎসাহী তাদের জন্য দক্ষতা বিকাশের লক্ষ্যে এই সৃজনশীল উদ্যোগটি গ্রহণ করা হয়েছে। এই কর্মশালায় মহিলাদের মোমবাতি বানানো এবং সেই সঙ্গে মডেল তৈরী করা, সুগন্ধী প্রস্তুত করা ইত্যাদি নানা ধরনের কারুকর্ম শেখানো হয়। কর্মশালায় মোট ২৭ জন মহিলা অংশগ্রহণ করেন। আসাম রাইফেলসের পক্ষ থেকে এবং বিবৃতিতে এখবর জানানো হয়েছে।

\*\*\*\*\*

#### **Ranji Trophy:**

ত্রিপুরা ও মেঘালয়ের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আজ থেকে শিলং-এ শুরু হচ্ছে। পোলো মাঠে এই ম্যাচটি হবে। এম্যাচকে সামনে রেখে দুটি দলই গতকাল অনুশিলন করে।

\*\*\*\*\*

#### **Weather:**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। উত্তর বাংলাদেশ এবং পূর্ব আসামের উপর একটি ঘূর্ণাবর্তের কারণে আকাশ মেঘাচ্ছন্ন থাকবে বলে আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.১ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*